



পররাষ্ট্র মন্ত্রী
FOREIGN MINISTER

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ



GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

বাণী

২১ ফেব্রুয়ারি ২০২১

আজ অমর একুশে ফেব্রুয়ারি। মহান 'শহিদ দিবস' ও 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস'। মাতৃভাষা রক্ষার দাবীতে অনন্য সংগ্রাম ও আত্মোৎসর্গের একটি উজ্জ্বল দিন। আমি শ্রদ্ধাভরে স্মরণ করি বাংলাকে মাতৃভাষা হিসেবে প্রতিষ্ঠিত করার সংগ্রামে ১৯৫২ সালের এই দিনে জীবন উৎসর্গকারী রফিক, সালাম, বরকত, জব্বারসহ সকল ভাষা শহিদকে।

আজকের এই দিনে আমি গভীর শ্রদ্ধায় স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে যাঁর কালজয়ী নেতৃত্বে ১৯৫২ থেকে ১৯৭১ সাল পর্যন্ত বাঙালির স্বাধিকার আন্দোলনের ধারাবাহিকতায় ভাষা, সংস্কৃতি ও স্বকীয়তার ভিত্তিতে আমরা অর্জন করেছি স্বাধীন বাংলাদেশ। স্বাধীনতার পর পরই বঙ্গবন্ধু ১৯৭২ সালে বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠিত করেন এবং ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘের ২৯তম অধিবেশনে প্রথম বারের মতো বাংলায় ভাষণ দিয়ে বাংলা ভাষাকে বিশ্বের অন্যান্য ভাষাভাষীর কাছে পরিচয় করিয়ে দেন। আজকের এই দিনে আমি বাংলা ভাষাভাষীসহ বিশ্বের সকল ভাষা ও সংস্কৃতির মানুষকে জানাই আন্তরিক শুভেচ্ছা।

এবছর আমাদের জন্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ কারণ, আমরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালন করছি যা আমাদের ইতিহাসে বিরল ঘটনা। এই উপলক্ষ্যে দেশে-বিদেশে বাংলাদেশ ও বঙ্গবন্ধুকে তুলে ধরার লক্ষ্যে অধিকতর সভা-সমাবেশ, সেমিনার-ওয়ার্কসপ বা চিত্র ও ভিডিও প্রদর্শনীর মাধ্যমে দেশের ভাবমূর্তিকে "A land of opportunity" এবং "সম্ভাবনাময় অর্থনীতি" হিসেবে প্রতিষ্ঠার সুযোগ এসেছে।

বঙ্গবন্ধুর নির্দেশিত পথ ধরে, তাঁর সার্থক উত্তরসূরী ও সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে অভূতপূর্ব অগ্রগতি অর্জন করেছে; যার ফলে সাধারণ মানুষের জীবনযাত্রার মান বৃদ্ধি পেয়েছে। বর্তমান সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত ও সমৃদ্ধিশালী দেশে পরিণত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। রাষ্ট্রনায়ক শেখ হাসিনার দূরদর্শী ও গতিশীল নেতৃত্বে আর্থ-সামাজিক সূচকে বাংলাদেশ আজ "উন্নয়ন বিস্ময়" হিসেবে পরিচিতি লাভ করেছে। বিনিয়োগ সহায়ক নীতি, বিশাল দেশীয় বাজার, কৌশলগত ভূ-রাজনৈতিক অবস্থান, রাজনৈতিক স্থিতিশীলতা এবং দক্ষ জনশক্তি বাংলাদেশকে বৈদেশিক বিনিয়োগের আকর্ষণীয় গন্তব্যে পরিণত করেছে। লন্ডন ভিত্তিক থিঙ্ক-ট্যাঙ্ক সেন্টার ফর ইকোনমিকস অ্যান্ড ব্যাংকিং রিসার্চ অনুসারে, ২০৩৫ সালের মধ্যে বাংলাদেশ বিশ্বের ২৫তম বৃহত্তম অর্থনীতির দেশ হবে বলে প্রত্যাশা করা হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর দৃঢ় নেতৃত্বে বর্তমান সরকার দেশের অর্থনীতির চাকা সচল রেখে অত্যন্ত সফলতার সাথে কোভিড-১৯ মোকাবিলা করছে। করোনাকালেও ~~শ্রদ্ধা~~ এশিয়ার সবগুলো দেশের মধ্যে বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধি সর্বোচ্চ, যা ৫.২৪ শতাংশ।

অমর একুশের চেতনায় উজ্জীবিত হয়ে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে বাংলাদেশকে একটি প্রগতিশীল, প্রযুক্তিনির্ভর, উন্নত ও মর্যাদাশীল দেশ হিসেবে গড়ে তোলার কাজে আত্মনিয়োগ করবো- আজকের দিনে এই হোক আমাদের অঙ্গীকার।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,
বাংলাদেশ চিরজীবী হোক।


ড. এ. কে. আব্দুল মোমেন, এমপি